

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নফল সালাত জামা'আতে আদায় করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْنُ إِبَاحَةِ صَلَاةِ الْمَرْءِ جَمَاعَةً تَطَقُّعًا

আরবী

2497 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي التَّيَّاحِ عَنْ أَنِي عَلْمَ بِن مَالِكٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُخالِطُنا كَثِيرًا حَتَّى إِنْ كَانَ لَيُقُولُ لأَخٍ لِي صَغيرٍ: (يَا أَبَا عُمَيْر مَا فَعَلَ النُّغَيْرُ؟) وَحَضَرَتِ الصَّلَاةُ فَنَضَحْنَا بساطاً لنا فصلى عليه وصففنا خلفه.

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2497 | خلاصة حكم المحدث: صحيح _ ((مختصر الشمائل)) (201): ق.

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: قَوْلُ أَنسِ: (وَحَضَرَتِ الصَّلَاةُ) أَرَادَ بِهِ وَقْتَ صَلَاةِ السُّبْحَةِ إِذِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ لَا يُصَلِّي صَلَاةَ الْفَريضَةِ جَمَاعَةً فِي دَارِ أَنْصَارِيّ دُونَ مَسْجِدِ الْجَمَاعَةِ.

বাংলা

২৪৯৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে মিশতেন, এমনকি তিনি আমার এক ছোট ভাইকে বলেন, "হে আবূ উমাইর, তোমার পাপিয়া পাথির কী করে?"

অতঃপর সালাতের সময় হয়ে যায়। আমাদের একটি কার্পেট ছিল, তাতে আমরা পানি ছিটা দেই অতঃপর তিনি তার উপর সালাত আদায় করেন। আর আমরাও তাঁর পিছনে কাতারবন্দি হই।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাভ্ল্লাহ বলেন, "আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাভ্ আনভ্র বক্তব্য "অতঃপর সালাতের



সময় হয়ে যায়" এর দ্বারা উদ্দেশ্য হলো নফল সালাত। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফর্য সালাত মাসজিদে বাদে কোন আনসারীর ঘরে আদায় করতেন না।"

ফুটনোট

[1] নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৩৩৫; মুসনাদ আহমাদ: ৩/১১৯; তিরমিযী: ৩৩৩; সহীহ আল বুখারী: ৬২০৩; সহীহ মুসলিম: ৬৫৯; সুনান বাইহাকী: ৫/২০৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন